# 245973 - কভিাবে একজন মুসলমি অসদাচরণ থকেে মুক্ত হয়ে ভাল আচরণে ভূষতি হতে পারে?

প্রশ্ন

আমার আচার-আচরণ খুবই খারাপ। আমি আমার মায়রে সাথে খারাপ ব্যবহার করি, সবসময় আমার মায়রে ক্ষোভ উদ্রকে করি। কছিু কছিু সময় আমার আখলাক ভাল হয়ে যায়। বশেরি ভাগ সময় খারাপ থাকে। কভিাবে আমি আমার আচার-ব্যবহার ভাল করতে পারি? কোন কোন বষিয়গুলো আমাকে মাতা-পতিার প্রতি সদ্ব্যবহারী হতে ও সচ্চরত্রিবান হতে সহযোগতিা করবে? আমার আখলাক যদি খারাপ হয় সজেন্য কি অচরিইে আমি শাস্তি পাব? নাকি সচ্চরত্রি নতিান্ত হামশো জনিসি? আমি যখন আমার আখলাককে সুন্দর করি তখন লৌকেকিতা অনুভব করি। আমি অনুভব করি আমি আখলাকরে ক্ষত্রেে ছোট শরি্ক করছি। এমতাবস্থায় আমি সচ্চরত্রিরে উপর ও আল্লাহ্র জন্য একনষ্ঠি থাকার উপর কভিাবে অবচিল থাকতে পারি?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

সচ্চরত্রি কয়িামতরে দনি আমলরে পাল্লায় সবচয়েে ভারী হবে। কয়িামতরে দনি সচ্চরত্রিবান ব্যক্তরি আসন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে সবচয়েে বশেি নকিটে হবে।

ইমাম তরিমযি (২০১৮) 'হাসান' সনদে জাবরে (রাঃ) থকেে বর্ণনা করনে যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: "তোমাদরে মধ্যে আমার সবচয়েে প্রয়ি ও কয়িামাতরে দনি আমার সবচয়েে কাছে আসন হবে তোমাদরে মধ্যে যে ব্যক্তি সবচয়েে উত্তম চরত্রিরে অধকিারী"[আলবানী সহহিুত তরিমযি গ্রন্থে হাদসিটকিে সহহি বলছেনে]

ইমাম বুখারী (৬০৩৫) ও ইমাম মুসলমি (২৩২১) আব্দুল্লাহ্ বনি আমর (রাঃ) থকেে তনিি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে বর্ণনা করনে যে, তনিি বলনে: "তোমাদরে মধ্যে ঐ ব্যক্তি সর্বোত্তম যার চরত্রি সর্বোত্তম"।

ইমাম নববী (রহঃ) বলনে:

এ হাদসিে সচ্চরত্রিরে প্রতি উদ্বুদ্ধ করা হয়ছে,ে সচ্চরত্রিবান লোকরে মর্যাদা বর্ণনা করা হয়ছে।ে সচ্চরত্রি আল্লাহ্র নবী ও আল্লাহ্র ওলদিরে বশৈষ্ট্যি।

হাসান বসরি (রহঃ) বলেন: সচ্চরিত্রের স্বরূপ হচ্ছে– "কল্যাণ করায় এগিয়ে আসা, অনিষ্ট করা থেকে বেঁচে থাকা এবং চেহারা প্রসন্ন রাখা।"

কাযী ইয়ায বলেন: "সেটা হচ্ছে– মানুষের সাথে ভাল ব্যবহার দিয়ে মেশা, তাদের প্রতি মমতা ও দয়া অনুভব করা, তাদেরকে সহ্য করা, ক্ষমা করে দেয়া, তাদের থেকে কষ্ট পেলে সবর করা, অহমিকা ও বড়ত্ব পরিত্যাগ করা, রুক্ষ, ক্রোধপূর্ণ ও প্রতিশোধের আচরণ বর্জন করা।[সমাপ্ত]

দুই:

পিতামাতার অবাধ্য হওয়া কবিরা গুনাহ। পিতামাতার অবাধ্য সন্তান দুনিয়া ও আখেরাতে সফলকাম হয় না। মুসলিম নর-নারীর কর্তব্য হচ্ছে– পিতামাতার প্রতি পরিপূর্ণ সদাচরণ করা। সাধ্যে যা কিছু আছে তা দিয়ে তাদের সাথে ভাল ব্যবহার করার চেষ্টা করা। তাদেরকে ক্ষেপিয়ে তোলা, তাদের বিরুদ্ধাচারণ করা ও তাদের সাথে দুর্ব্যবহার করা থেকে বেঁচে থাকা।

আরও দেখুন: 35533 নং প্রশ্নোত্তর।

তিন:

আখলাককে সুন্দর ও পরিশীলিত করা সম্ভব। নিম্নিবর্ণিত মাধ্যমগুলো অবলম্বন করে সেটা করা যেতে পারে:

সচ্চরিত্রের মর্যাদা জানা এবং দুনিয়া ও আখেরাতে এর উত্তম প্রতিদান সম্পর্কে অবহিত হওয়া।

অসদাচরণের মন্দ দিকগুলো জানা এবং এর শাস্তি ও কুফল সম্পর্কে অবহিত হওয়া।

সলফে সালেহীন ও নেককারদের জীবনী ও ঘটনা পড়া।

রাগ থেকে দূরে থাকা, ধৈর্য অর্জন করা, তাড়াহুড়ার বদলে নিজেকে ধীরস্থিরতায় অভ্যস্ত করে তোলা।

সচ্চরিত্রবান লোকদের সাথে উঠাবসা করা এবং কু-চরিত্রের অধিকারী লোকদেরকে এড়িয়ে চলা।

সচ্চরিত্র অর্জনে আত্ম-অনুশীলন করা, এটাকে অভ্যাসে পরিণত করা, সচ্চরিত্রের ভান করা ও এক্ষেত্রে ধৈর্য ধারণ করা। কবি বলেন: "তুমি বদান্য হতে চেষ্টা কর; যাতে করে সুন্দরকে অভ্যাসে নিয়ে আসতে পার। তুমি এমন কোন বদান্য ব্যক্তি পাবে না যে নিজেকে বদান্যতায় অভ্যস্ত করেনি।

সর্বশেষে আল্লাহ্‌ তাআলার কাছে সচ্চরিত্র চেয়ে ও সাহায্য চেয়ে দোয়া করার মাধ্যম গ্রহণ করা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি দোয়া ছিল: "হে আল্লাহ্‌ আপনি আমার অবয়বকে সুন্দর করেছেন; সুতরাং আমার চরিত্রকেও সুন্দর

করুন।"[মুসনাদে আহমাদ (২৪৩৯২), মুসনাদেরে মুহাক্ককিগণ হাদসিটকিে সহহি বলছেনে। আলবানীও 'সহহিুল জামে' গ্রন্থে (১৩০৭) হাদসিটকিে সহহি বলছেনে।

যদ কিোনো বশিষে প্রক্ষোপটে কোনো মুসলমি দুর্ব্যবহার করে ফলে তৎক্ষণাৎ সে এর জন্য দুঃখ প্রকাশ করে, যা নষ্ট করছেে সটো সংশোধন করে নয়ে এবং নজিরে চরত্রিকে সুন্দর রাখার দৃঢ় সংকল্প গ্রহণ কর।ে কোনো মুসলমি যখন তার চরত্রিকে সুন্দর করে সটো আল্লাহ্‌র আদশে পালন, তাঁর সন্তুষ্ট এিবং রাসূল সাল্লাল্লাহু আলাইহ িওয়া সাল্লামরে অনুসরণরে উদ্দশ্যেইে সুন্দর কর।ে এক্ষত্রেে অন্য সকল ইবাদতরে যে অবস্থা এটারও সে অবস্থা। সুতরাং সে ব্যক্ত িমানুষরে প্রশংসা পাওয়ার জন্য তার চরত্রিকে সুন্দর করবে না। করলে তো সটো সচ্চরত্রিরে সওয়াবটাকে নষ্ট করে দবিে এবং সে ব্যক্ত িলৌকিকিতার শাস্তরি উপযুক্ত হব।ে

অন্য সকল ইবাদত পালনকালে একজন মুসলমি যভোবে আল্লাহ্‌র জন্য একনষ্ঠি থাকার চষ্টো করে ঠকি সচ্চরত্রি রক্ষা করার ক্ষত্রেওে তনি সিে চষ্টো করবনে। সর্বদা তার নজরে রাখবনে আল্লাহ্‌র নর্দিশে, হসিাব-নকিাশ, জান্নাত-জাহান্নাম এবং এটাও রাখবনে য,ে মানুষ তার কোনো উপকার কংিবা ক্ষত িকরার সামর্থ্য রাখে না। আখরোতকে স্মরণে রাখা একজন মুসলমিরে আল্লাহ্‌র প্রত িএকনষ্ঠি হওয়ার সবচয়েে বড় মাধ্যম।

চার:

পতিামাতার প্রত িসদাচারী হতে সহায়ক বষিয়গুলো হচ্ছ:ে

পতিামাতার অধকিার ও তাদরে মর্যাদা সম্পর্কে অবহতি হওয়া এবং তারা কভিাবে সন্তানদরে জন্য স্বাচ্ছন্দ্যময় জীবন নশ্চিতি করতে গয়িে সকল প্রকার কষ্ট-ক্লশে সহ্য করে গছেনে সটো অবগত হওয়া।

পতিামাতার প্রত িসদ্ব্যবহারে উদ্বুদ্ধকারী শরয়ি দলিলিগুলো জানা, আবার পতিামাতার অবাধ্য হওয়া থকেে ভীত িপ্রদর্শনকারী শরয়ি দলিলিগুলোও জানা। এবং দুনয়িা ও আখরোতে এ সদ্ব্যবহাররে পুরস্কার সম্পর্কে অবহতি হওয়া।

পতিামাতার প্রত িসদ্ব্যবহার করা নজিরে সন্তানদরে থকেে সদ্ব্যবহার পাওয়ার অন্যতম মাধ্যম। আর পতিামাতার প্রত িদুর্ব্যবহার করা নজিরে সন্তানদরে থকেে দুর্ব্যবহার পাওয়ার অন্যতম কারণ।

সলফে সালহেীনদরে জীবনী অধ্যয়ন করা এবং তারা কভিাবে তাদরে পতিামাতার সাথে সদ্ব্যবহার করতনে তা অবহতি হওয়া।

যসেব বই-পুস্তকে পতিা-মাতার প্রত িসদ্ব্যবহার করা ও দুর্ব্যবহার করা সম্পর্কে আলোচনা রয়ছেে সগেুলো অধ্যয়ন করা। অনুরূপভাবে এ বষিয়ক ইসলামী আলোচনাগুলো মনোযোগ দয়িে শুনা।

উপহার দয়ো, সুন্দর কথা বলা, হাস িখুশ িচহোরা, অধকি দোয়া করা, সুন্দর প্রশংসা করা ইত্যাদ িসদ্বব্যবহার অর্জনরে

ক্ষত্রে সবচেয়ে উত্তম সহায়ক।

আল্লাহ্ই সর্বজ্ঞ।